

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

বিষয়ঃ উদ্ভাবনী ধারণা বা উদ্যোগ আহ্বান সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতিঃ জনাব মোঃ সোহেল ইমাম খান, ডেপুটি সেক্রেটারি জেনারেল, বিএনসিইউ।

তারিখঃ ১১ অক্টোবর ২০২০ খ্রি.

সময়ঃ সকাল ১১:০০ মিনিট।

স্থানঃ সভাকক্ষ, বিএনসিইউ

উপস্থিতিঃ তালিকা (পরিশিষ্ট -ক)

১। সভাপতি মহোদয় সভার শুরুতে উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। ০৮ অক্টোবর ২০২০ খ্রি. তারিখে মন্ত্রণালয় হতে প্রেরিত পত্রের প্রেক্ষিতে বিএনসিইউ'র নিজস্ব উদ্ভাবনী ধারণার বিষয়ে উপস্থিত সদস্যবৃন্দের নিকট হতে মতামত আহ্বান করা হয়। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ তাদের মতামত উপস্থাপন করেন।

২। উপস্থাপিত প্রস্তাবনাসমূহের মধ্যে উল্লেখযোগ্য দুইটি প্রস্তাব গ্রহণ করা হয়। প্রস্তাবনা দুইটির শিরোনাম নির্ধারণ করা হয়ঃ (১) সহাস্য সেবা (Smiling Service) এবং (২) Showcasing Heritages – Bangladesh।

৩। সহাস্য সেবা (Smiling Service) এর অধীনে মূলত এমন একটি সেবা ব্যবস্থা প্রদানের কথা উল্লেখ করা হয় যেখানে সেবা গ্রহীতা এবং সেবা প্রদানকারী উভয়েই খুশি। Showcasing Heritages–Bangladesh ধারণার অধীনে বাংলাদেশের উল্লেখযোগ্য সাংস্কৃতিক ঐতিহ্যসমূহ ক্ষুদ্র মডেল আকারে তুলে ধরে বিএনসিইউ প্রাঙ্গণে স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এই উদ্ভাবনী ধারণাসমূহের বিস্তারিত মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত ফরম্যাট অনুযায়ী ২২ অক্টোবর ২০২০ খ্রি. তারিখের মধ্যে পাঠানোর নিমিত্তে ইনোভেশন দল গঠন করা হয়। সভাপতি মহোদয় গঠিত কমিটিকে অতিসত্ত্বর ধারণা বাস্তবায়নে নির্দেশনা প্রদান করেন। একইসাথে গঠিত ইনোভেশন দলকে ১৮ অক্টোবর ২০২০ খ্রি. তারিখে পরবর্তী সভায় বসার নির্দেশনা প্রদান করেন। উল্লিখিত তারিখে ইনোভেশন দলের উদ্ভাবনী ধারণা সংক্রান্ত প্রতিবেদনের খসড়া বিষয়ে আলোচনা করে চূড়ান্ত করার নির্দেশনা প্রদান করেন এবং উদ্ভাবনী

২০

৪

ধারণা বাস্তবায়নে সত্ত্বর কার্যক্রম শুরুর তাগিদ প্রদান করেন। মিজ ফারহানা ইয়াসমিন জাহান, সিনিয়র প্রোগ্রাম অফিসার, বিএনসিইউ কে উদ্ভাবনী ধারণা সংক্রান্ত সার্বিক বিষয়টি সমন্বয়ের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

৪। সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় উক্ত সভার সমাপ্তি ঘোষণা করেন।

 ১১.১০.২০

মোঃ সোহেল ইমাম খান
ডেপুটি সেক্রেটারি জেনারেল
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন